



WEST BENGAL STATE UNIVERSITY

B.A./B.Sc./B.Com./BBA/Hons./Programme (Only for Female Candidate) 2nd Semester Examination,

BNGSAEC01M-BENGALI (MIL)

সময় : ১ ঘণ্টা

পূর্ণমান : ২০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

Name:

Registration No. Roll No.

UNIT-I

সহজ পাঠ

৫+৫ = ১০

১। অনধিক ১৫০ শব্দের মধ্যে উত্তর দাও:

(ক) 'নাম তার মোতিবিল, বহু দূর জল,' - শীর্ষক (১ম ভাগ, তৃতীয় পাঠ-কবিতা) কবিতার ভাববস্তু
বিশ্লেষণ করে রবীন্দ্রানুভবের পরিচয় দাও।

৫

অথবা

- (খ) “আমি যে রোজ সকাল হ’লে / যাই শহরের দিকে চ’লে”- শীর্ষক (২য় ভাগ, সপ্তম পাঠ-কবিতা) কবিতার ভাববস্তু বিশ্লেষণ করে শহরের রোজকার জীবনচিত্র বর্ণনায় কবির দক্ষতা দেখাও।

৫

২। প্রশ্নানুযায়ী উত্তর দাও:

(ক) যে-কোনো দুটি শুদ্ধ বানান লেখো:

(অ) রেভারেণ্ড এণ্ডারসন (আ) নীস্তারীনি (ই) পুষ্করীনি (ঈ) খবরদার

৫

০.৫+০.৫=১

(খ) এক কথায় উত্তর দাও: (যে-কোনো একটি)

(অ) ‘এসেছে শরৎ, হিমের পরশ’ (১ম ভাগ, ষষ্ঠ পাঠ-কবিতা) কবিতায় কোন্ কোন্ ফুলের কী কী অবস্থার কথা বলা হয়েছে, তা লেখো।

১×১=১

১

অথবা

(আ) ‘সেদিন ভোরে দেখি উঠে’ (২য় ভাগ, নবম পাঠ-কবিতা) শীর্ষক কবিতায় ‘রাজার বাড়ি’র কথা ভাবতে গিয়ে কবি কী কী করার কথা ভেবেছেন ?

১

(গ) দু-এক কথায় সংক্ষিপ্ত উত্তর দাওঃ (যে-কোনো একটি)

২×১ = ২

(অ) 'চুপ ক'রে ব'সে ঘুম পায়। চলো, ঘুরে আসি।' শীর্ষক (১ম ভাগ, পঞ্চম পাঠ-গদ্যরচনা) গদ্যরচনায় শীতের বর্ণনা লেখক কীভাবে দিয়েছেন এবং শীতের হাত থেকে বাঁচার জন্য কে কে কী কী করছেন – তার পরিচয় দাও।

২

অথবা

(আ) 'ভক্তরামের নৌকো শক্ত কাঠের তক্তা দিয়ে তৈরি।' - শীর্ষক (২য় ভাগ, একাদশ পাঠ-গদ্যরচনা) গদ্যরচনায় শক্তিনাথ বাবুর যে পরিচয় আছে, তা লেখো।

২

(ঘ) শূন্যস্থান পূরণ করোঃ (যে-কোনো দুটি)

০.৫+০.৫=১

(অ) পথের _____ একখানে

_____ বসেছে _____।

(আ) _____ আম নিয়ে _____ গলিতে _____ যায়।

(ই) _____ থালা বাজায়;

_____ ওই _____ দিয়ে যায়।

(ঈ) _____ আমার _____ খাতাটা আনতে বোলো,

_____ ঘরের _____ উপর আছে।

UNIT-II

বাংলা ব্যাকরণ

৪+৬ = ১০

৩। উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো একটি)

৪×১ = ৪

(ক) পদ কাকে বলে ? উদাহরণসহ পদের শ্রেণিবিন্যাস করো।

১+৩ = ৪

অথবা

(খ) দ্বন্দ্ব সমাস বলতে কী বোঝো ? দ্বন্দ্ব সমাস কয় প্রকার ও কী কী ? উদাহরণসহ লেখো।

২+১+১ = ৪

৪। ব্যাকরণের নিয়মানুসারে নির্ণয় করোঃ (যে-কোনো ছয়টি)

১×৬ = ৬

(ক) সন্ধিবিচ্ছেদ করোঃ (যে-কোনো দুটি)

০.৫+০.৫=১

(অ) বোধোদয় (আ) জনৈক (ই) প্রত্যুপকার

(খ) বানান সংশোধন করোঃ (যে-কোনো দুটি)

১×২ = ২

(অ) বাল্মিকি (আ) শান্তনা (ই) গিতাঞ্জলী (ঈ) স্বরস্বতি

(গ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করোঃ (যে-কোনো দুটি)

১×২ = ২

(অ) শতাব্দী (আ) রাজপ্রাসাদ (ই) কালসর্প (ঈ) জলদ

(ঘ) পদান্তর করোঃ (যে-কোনো দুটি)

০.৫+০.৫=১

(অ) দীন (আ) সুন্দর (ই) বায়ু (ঈ) ইতিহাস

—x—